

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রশাসন ও সংস্থাপন শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.০১৮.১৬.২০১৬-১৯৯

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১  
০৩ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগ ও হেনস্টা বন্ধ করা।  
সূত্র: ৩৭.০০.০০০০.০৬১.০১৮.১৬.২০১৬-১৯৩, তারিখ: ২৭ আগস্ট ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন স্থানে বিশ্ববিদ্যালয়, কলেজ ও ক্লুলের প্রধান বা অন্য আধিকারিকগণকে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে পদত্যাগ/অপসারণের ঘটনা ঘটায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে বিদ্যমান পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট অংশিজন প্রতিনিধিদের সাথে যোগাযোগ রেখে সার্বিক সুষ্ঠু পরিবেশ বজায় রাখার বিষয়টি তদারকি এবং প্রয়োজনে এ বিভাগকে অবহিত করার জন্য জেলা প্রশাসকগণকে অনুরোধ করে পত্র জারি করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এখনও শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগ ও নানাভাবে হেনস্টা করার ঘটনা ঘটছে যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এ বিষয়ে মাননীয় শিক্ষা ও পরিকল্পনা উপদেষ্টা জনাব ওয়াহিদউদ্দিন মাহমুদ উদ্দেগ প্রকাশ করেছেন এবং এ ধরনের কার্যক্রম বন্ধের আহবান জানিয়েছেন।

২। মাননীয় উপদেষ্টা মহোদয় আরো নির্দেশনা প্রদান করেছেন যে, যেসব শিক্ষক ও কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি ও অপকর্মের অভিযোগ আছে তা উপর্যুক্ত কর্তৃপক্ষ তদন্তপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। বেআইনী ও অপরাধমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণকারী এবং শৃঙ্খলাভঙ্গকারীদের চিহ্নিত করে প্রচলিত আইন অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের নিজেদের স্বার্থেই নিজ নিজ শিক্ষাক্ষনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখা প্রয়োজন। এ বিষয়ে শিক্ষার্থীদের এবং সংশ্লিষ্টদের মধ্যে সচেতনতা বৃক্ষির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(সাইফুর রহমান খান)

উপসচিব

ফোন : ০২-৫৫১০১২২০

ইমেইল: [sas\\_admin1@moedu.gov.bd](mailto:sas_admin1@moedu.gov.bd)

প্রাপক:

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.০১৮.১৬.২০১৬-১৯৯

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১  
০৩ সেপ্টেম্বর ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যোতিতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ২। সিনিয়র সচিব জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন, ঢাকা;
- ৫। বিভাগীয় কমিশনার (সকল);
- ৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৭। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল);
- ৮। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ১০। সিস্টেম এন্ডেলিন্স্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;